
স্বাধীনতা তুমি

সেই কবে জন্মালে! তোমার নামকরণ হয়েছিল দিনটা ছিল ছাব্বিশে মার্চ, বাংলার প্রাণ হেসেছিল সেই কবে তুমি বাংলাদেশের প্রাণ শক্তি হয়ে এলে কত মানুষের আত্মত্যাগ তোমার আগমনের মুলে সেই মুল্য কত, তা কি তুমি জান স্বাধীনতা নির্লজ্জ কেমন করে মেনে নাও তবে এ' ভণিতা প্রতিবছরের প্যারেড ও পতাকা মোড়া জাতীয় গানের কলতানে জান কি মানুষ হয়ে যাচ্ছে অমানুষ আধুনিক জীবনে বাঁচার নামে এই কি ছিল স্বাধীনতা তোমার জন্মকালের অলেখা অদৃষ্ট এই ছিল তোমার মনে হে স্বাধীনতা, কেন আজ তুমি এত ক্লিষ্ট কেন বলত তুমি আরেকবার নাড়া দেবেনা এই বাংলার মানুষকে কেন বলত তুমি রাস্ট্রপতি ভবনের মাঠে ডাকবেনা সবাইকে ডেকে বল না স্বাধীনতা – অপমান হচ্ছে মানুষের – মান ও হুঁশ তুইই আক্রান্ত বাংলা মায়ের, সন্তানেরা আবার জালাক আগুনে তুষ নতুন ভোরের স্বপ্ন দেখুক সবাই আবার - আমরা চাই আমাদের রূপসী বাংলা অসহিষ্ণুতার, অনাচারের, অনাসৃষ্টির বাংলা কে আর নয় চাই তটীনি বাংলা স্বাধীনতা তুমি এস একবার ডেকে বল – এক বার হেঁকে বল আমি এনেছি পরিত্রাণ ধর্মস্থাপনার্থে আমি জন্ম নিলাম আবার এই নতুন যুগে আমিই

ফেরাবো মায়ের মান।



অনাম্নী স্বাক্ষর

ছাব্বিশে মার্চ ২০০৮